

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
[মূল্য সংযোজন কর]  
প্রজ্ঞাপন

তারিখ, ২৭ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ/৯ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৪০-আইন/২০১২/৬৩০-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর (অগ্রিম আদায়) [Advance Trade VAT (ATV)] বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(২) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ বিধৃত ফরম “মূসক-১” বা ফরম “মূসক-১ক” বা ফরম “মূসক-১গ” বা ফরম “মূসক-১ঘ” বা ফরম “মূসক-১” এর মাধ্যমে নিবন্ধিত উৎপাদক বা সেবা প্রদানকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ ও মূলধনী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এর ক্ষেত্রে এবং পণ্য পরিবহণে ব্যবহৃতব্য সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।”।

২। ইহা ১০ জানুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক নীতি-১)।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৮৫৩ )

মূল্য ঃ টাকা ২.০০